



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, পেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.১৭৯

তারিখঃ ১৫/০২/২০২১ খ্রি.

সরকারি ও বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে  
এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) উত্তীর্ণদের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে  
৩য় পর্বের শূন্য আসনে ভর্তির বিজ্ঞপ্তি।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও টুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমে ৩য় পর্বের শূন্য আসনে এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী শিক্ষার্থীগণ নিকটস্থ সরকারি/বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর আবেদন করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক ভর্তির জন্য আবেদনকারীর তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (www.bteb.gov.bd) ওয়েবসাইটে রেজিস্ট্রেশন ফোন্ডারে ডিপ্লোমা পর্যায়ের ৩য় পর্বের ভর্তির লিংকে তথ্য পূরণ করতে হবে।

২.০ ভর্তি সংক্রান্ত সময়সূচী :

ক্রমিক নং	বিষয়	তারিখ
২.১	শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের সময়	২২/০২/২০২১খ্রি. হতে ১০/০৪/২০২১ খ্রিঃ
২.২	প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে বোর্ডে প্রেরণের সময়	১১/০৪/২০২১খ্রি. হতে ১৫/০৪/২০২১খ্রিঃ
২.৩	প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের সময়	২০/০৪/২০২১ খ্রিঃ
২.৪	প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাস শুরু করার সময়	---

৩.০ ভর্তির আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী :

৩.১ ক) বাংলাদেশের সাধারণ শিক্ষা বোর্ড হতে উচ্চতর গণিতে পাশসহ এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) এ উত্তীর্ণ হতে হবে। খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল)-এ ন্যূনতম জিপিএ ২.৫০ থাকতে হবে। গ) বেসরকারি প্রতিষ্ঠানের জন্য এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল)-এ ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। ঘ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৬ হতে ২০২০ সাল পর্যন্ত এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১১ হতে ২০২০ সাল পর্যন্ত এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) উত্তীর্ণরা ভর্তির জন্য যোগ্য হবে।

৩.২ আবেদনের সময় যে সকল প্রয়োজনীয় কাগজসমূহাদির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ক) এসএসসি পাসের সনদপত্র। খ) এসএসসি ও এইচএসসি পাসের নথরপত্র। গ) এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড  
ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্তসাপত্র। ঙ) পাসপোর্ট সাইজের রশ্মি ছবি-৩ কপি।

৩.৩ ক) ভর্তিচ্ছু শিক্ষার্থীরা প্রতিষ্ঠান হতে নির্ধারিত ভর্তির আবেদন ফরম ৫০/- টাকা জমা দিয়ে উত্তোলন করতে হবে এবং আবেদনপত্র জমা দেওয়ার সময় রশ্মিদের মাধ্যমে ১০০/- টাকা জমা দিতে হবে।

খ) প্রতিষ্ঠান কর্তৃক সকল আবেদনকারীর তথ্য ১৫/০৪/২০২১খ্রি. তারিখের মধ্যে অনলাইনে বোর্ডের লিংকে প্রেরণ করতে হবে। Inst. Code & Password দিয়ে Login করার পর ১ম ধাপে Technology & Shift wise Blank Seat এর তথ্য দিতে হবে। ২য় ধাপে Admission Data Entry Form এ Click করে শিক্ষার্থীর তথ্য Entry সম্পন্ন করতে হবে। (শূন্য আসনের তথ্য Entry না থাকলে Admission Entry হবে না।)

গ) ২০/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে যেটি ভর্তিচ্ছুক শিক্ষার্থী অনুসারে (আবেদনকারী সংখ্যা X ১০০/-) টাকা, সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর ডিডি/পে-অর্ডার করতে হবে।

ঘ) চূড়ান্ত তালিকা/ফলাফল প্রকাশের পর এসএসসি ও এইচএসসি এর মূল নথরপত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে এবং ডিডি/পে-অর্ডার জমা দেওয়ার তারিখ যেটিপের মাধ্যমে জানা যাবে।

ঙ) ভর্তির সময় এসএসসি এবং এইচএসএসএস এর মূল নথরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল)-এ প্রাপ্ত জিপিএ অনুসারে ভর্তিচ্ছুক শিক্ষার্থীর যোগ্য ক্রমানুসারে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। এইচএসসিতে একই জিপিএ হলে এসএসসি জিপিএ ও উচ্চতর গণিতে প্রাপ্ত নথর বিবেচনা করে যোগ্যক্রম করা হবে। এইচএসসি (ভোকেশনাল) উত্তীর্ণ সকল দৈব এর শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(স্বাক্ষরিত) ১৫/০২/২০২১  
মো. জাহিরুল ইসলাম  
উপ পরিচালক (এলাএমডি)

স্মারক নং-বপই/একা-৪০/২০২১/৪০(১৪)

তারিখঃ ০৭ মার্চ, ২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, এ ইনস্টিটিউট।
- ২। চীফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান, সকল টেকনোলজি, এ ইনস্টিটিউট।
- ৩। ফোকাল পয়েন্ট, প্রেসমেন্ট সেল, এ ইনস্টিটিউট। [বিজ্ঞপ্তিটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪। নোটিশ বোর্ডসমূহ, এ ইনস্টিটিউট।
- ৫। নথি।

৩৭.৫৬.২১  
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)  
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

১৫/০২/২১